



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড  
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ,  
কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।  
www.titaskgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.৪৭৩.৯২.০০১.২৪.২৭৯

২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

### স্থায়ী আদেশ নং-০১/২০২৪

কম্পিউটার প্রযুক্তির বর্তমান অবস্থা ও ভবিষ্যতে সম্ভাব্য প্রযুক্তিগত উৎকর্ষের নিরীখে কোম্পানির বিভিন্ন দপ্তরে ব্যবহারের প্রয়োজনীয়তা অনুযায়ী চাহিদার বিপরীতে ক্রয়তব্য কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীসমূহের প্রয়োজনীয় স্পেসিফিকেশনসহ প্রাক্কলন প্রস্তুত করা, হার্ডওয়্যার/সফটওয়্যার-এর ধরণ নির্বাচন ও নির্ধারণ এবং সময় সময় কারিগরী উৎকর্ষের সাথে সামঞ্জস্য রেখে লাগসই ও উন্নততর প্রযুক্তি সম্পর্কিত মতামত/সুপারিশ প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কম্পিউটার বিষয়ক স্থায়ী কমিটি পুনর্গঠন করা হলোঃ

ক্রমিক নং	কর্মকর্তাদের পদবী	কমিটির পদ
১	মহাব্যবস্থাপক (আইসিটি)	আহ্বায়ক
২	উপমহাব্যবস্থাপক (মেক্যানিক্যাল ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস বিভাগ), ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন	সদস্য
৩	উপমহাব্যবস্থাপক (ক্রয় বিভাগ), প্রশাসন ডিভিশন	সদস্য
৪	উপমহাব্যবস্থাপক (হিসাব বিভাগ), অর্থ ডিভিশন	সদস্য
৫	উপমহাব্যবস্থাপক (নেটওয়ার্ক বিভাগ), আইসিটি ডিভিশন	সদস্য
৬	উপমহাব্যবস্থাপক (সফটওয়্যার বিভাগ), আইসিটি ডিভিশন	সদস্য
৭	উপমহাব্যবস্থাপক (হার্ডওয়্যার বিভাগ), আইসিটি ডিভিশন	সদস্য
৮	ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট এন্ড মেইনটেনেন্স), হার্ডওয়্যার বিভাগ	সদস্য সচিব

### ২। আলোচ্য কমিটির করণীয় (TOR) নিম্নরূপঃ


- ২.১) আইসিটি ডিভিশন কর্তৃক কোম্পানির সকল দপ্তর হতে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীর প্রাথমিক চাহিদা সংগ্রহপূর্বক কমিটিতে উপস্থাপন করণ। অতঃপর প্রয়োজনীয়তার আলোকে কমিটি কর্তৃক কম্পিউটার (ডেস্কটপ/ল্যাপটপ) ও কম্পিউটার সামগ্রী (প্রিন্টার, স্ক্যানার, বিভিন্ন সফটওয়্যার, ইউপিএস, ফটোকপিয়ার, প্রোজেক্টর ইত্যাদি)-এর চাহিদা চূড়ান্তকরণ;
- ২.২) কারিগরী উৎকর্ষের সাথে সামঞ্জস্য রেখে লাগসই ও উন্নততর প্রযুক্তির সমন্বয়ে এবং সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগ/শাখা এর কাজের পরিধি/ধরণ অনুযায়ী কমিটি কর্তৃক কম্পিউটার/কম্পিউটার সামগ্রীর স্পেসিফিকেশন প্রস্তুতকরণ;
- ২.৩) চাহিদা ও কারিগরী উৎকর্ষের সাথে সামঞ্জস্যপূর্বক প্রাক্কলন প্রস্তুতকরণ;
- ২.৪) গঠিত কমিটি বর্ণিত কার্যক্রমে মতামত/প্রস্তাবনা ও সুপারিশ করে তা অনুমোদনের জন্য যথাশীঘ্র ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন;

২.৫) বাজারে Updated/Upgraded কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী Available হলে কমিটির আহবায়ক প্রয়োজন অনুযায়ী সময় সময় কমিটির সভা আহবান করবেন এবং কম্পিউটার সামগ্রীর Updated Specification, বাজারদর ইত্যাদি চূড়ান্ত করে প্রতিবেদন তৈরি করে তা অনুমোদনের জন্য ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবেন;

২.৬) এতদসংশ্লিষ্ট অন্যান্য মতামত বা সুপারিশ প্রদান।

৩। এতদসংক্রান্ত ইতঃপূর্বে জারিকৃত স্থায়ী আদেশ নং-০৭/২০১৯, তারিখ: ২১/০৮/২০১৯ বাতিল করা হলো।

৪। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।



১৫-০২-২০২৪

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক

৫৫০১২৭০৯

titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.৪৭৩.৯২.০০১.২৪.২৭৯/১ (১১)

২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল;

২। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল;

৩। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল;

৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ) সকল;

৫। উপমহাব্যবস্থাপক (কারিগরি) সকল;

৬। উপমহাব্যবস্থাপক (হিসাব) সকল;

৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;

৮। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;

৯। ব্যবস্থাপক (হিসাব)- সকল;

১০। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং

১১। সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।



১৫-০২-২০২৪

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক